

অদ্য ১৮/০৮/২০১৩ ইং তারিখে ৩নং ফার্স্য়া ইউনিয়ন পরিষদে সকাল ১০.০০ ঘটিকার সময় আইন শৃঙ্খলা সভা আহবান করার লক্ষ্যে অত্র ইউনিয়নের চেয়ারম্যান বাবু তেজেন্দ্র লাল তঞ্চঙ্গ্যার সভাপতিত্বে এক আইন-শৃঙ্খলা সভা আহবান করা হয়। উক্ত সভায় নিম্ন বর্ণিত সদস্য/সদস্যগণ উপস্থিত ছিলেন।

ক্রঃ নং	নাম	পদবী	স্বাক্ষর
০১	মিসেস চিংকোয়াইউ মার্মা	১,২,৩ নং মহিলা সদস্য	স্বাক্ষরিত
০২	মিসেস সুমিতা দেবী তঞ্চঙ্গ্যা	৪,৫,৬ নং মহিলা সদস্য	স্বাক্ষরিত
০৩	মিসেস নাউচা মার্মা	৭,৮,৯ নং মহিলা সদস্য	স্বাক্ষরিত
০৪	বাবু উজ্জ্বল তঞ্চঙ্গ্যা	১ নং ওয়ার্ড সদস্য	স্বাক্ষরিত
০৫	বাবু সোনালাল তঞ্চঙ্গ্যা	২ নং ওয়ার্ড সদস্য	স্বাক্ষরিত
০৬	বাবু হুহু কুমার তঞ্চঙ্গ্যা	৩ নং ওয়ার্ড সদস্য	স্বাক্ষরিত
০৭	বাবু রত্নাকর তঞ্চঙ্গ্যা	৪ নং ওয়ার্ড সদস্য	স্বাক্ষরিত
০৮	বাবু সুব্রত তঞ্চঙ্গ্যা	৫ নং ওয়ার্ড সদস্য	স্বাক্ষরিত
০৯	বাবু জীবন বিকাশ তঞ্চঙ্গ্যা	৬ নং ওয়ার্ড সদস্য	স্বাক্ষরিত
১০	বাবু দিলীপ কুমার তঞ্চঙ্গ্যা	৭ নং ওয়ার্ড সদস্য	স্বাক্ষরিত
১১	বাবু সুবানন্দ তঞ্চঙ্গ্যা	৮ নং ওয়ার্ড সদস্য	স্বাক্ষরিত
১২	বাবু আতোমং মার্মা	৯ নং ওয়ার্ড সদস্য	স্বাক্ষরিত
১৩	বাবু প্রিয় রঞ্জন তঞ্চঙ্গ্যা	হেডম্যান	স্বাক্ষরিত
১৪	বাবু রতন তঞ্চঙ্গ্যা	কার্বারী	স্বাক্ষরিত
১৫	বাবু সমূল্য তঞ্চঙ্গ্যা	হেডম্যান	স্বাক্ষরিত
১৬	মিসেস বাগান পুরি তঞ্চঙ্গ্যা	গৃহিনী	স্বাক্ষরিত
১৭	মিসেস ননি বালা তঞ্চঙ্গ্যা	পরিবার পরিকল্পনা কর্মী	স্বাক্ষরিত
১৮	মিসেস রিনা তঞ্চঙ্গ্যা	"	স্বাক্ষরিত
১৯	বাবু জিরাফ তঞ্চঙ্গ্যা	হেডম্যান	স্বাক্ষরিত
২০	মিসেস রনিতা তঞ্চঙ্গ্যা	শিক্ষিকা	স্বাক্ষরিত
২১	বাবু বিমল তঞ্চঙ্গ্যা	কৃষক	স্বাক্ষরিত
২২	মিসেস আনুপ্রম্মা মার্মা	গৃহিনী	স্বাক্ষরিত
২৩	বাবু বাবুল তঞ্চঙ্গ্যা	কার্বারী	স্বাক্ষরিত
২৪	মিসেস নন্দিতা তঞ্চঙ্গ্যা	শিক্ষিকা	স্বাক্ষরিত
২৫	বাবু মক্যা মার্মা	ব্যবসায়ী	স্বাক্ষরিত

#### সভার আলোচ্য বিষয়ঃ

০১. আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে আলোচনা।
০২. চোরা চালান সম্পর্কে আলোচনা।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সভাকে স্বাগত জানাইয়া সভার কাজ শুরু করেন। বিস্তারিত আলোচনাস্বেড় বিগত সভার কার্য বিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। অতঃপর কারো কোন আপত্তি বা সংশোধনী না থাকায় ইহা ছাড় করণ করা হয়। সভাপতি সাহেব অত্র ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি তুলে ধরার উপর ভিত্তি করে সভার কাজ শুরু করেন।

**০১ নং আলোচনা :** সভাপতি মহোদয় সভায় উপস্থিত সদস্য-সদস্যদের কাছ থেকে ৩নং ফার্স্য়া ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে জানতে চান। এর প্রেক্ষিতে ১নং ওয়ার্ড সদস্য বাবু উজ্জ্বল তঞ্চঙ্গ্যা জানান যে, ফার্স্য়া ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি এখনো স্বাভাবিক রয়েছে। কোথাও কোন আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটেনি। ৬নং ওয়ার্ড সদস্য বাবু জীবন বিকাশ তঞ্চঙ্গ্যা জানান যে, আইন-শৃঙ্খলা পরিস্থিতি বর্তমান স্বাভাবিক রয়েছে। কিন্তু বর্তমানে ফার্স্য়া ইউনিয়নে যেভাবে বিভিন্ন এলাকা থেকে লোকজন এসে এখানে বাসা ভাড়া করে, কাজের নাম করে অস্থায়ীভাবে বসবাস করে আছে, ভবিষ্যতে তাদের দ্বারা বিশৃঙ্খলা সৃষ্টি হতে পারে। এবং যেকোন সময় আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটান সম্ভাবন রয়েছে। বাবু প্রিয় রঞ্জন হেডম্যান বলেন যে, যেসকল লোকজন অস্থায়ীভাবে বসবাস করছে তাদের ব্যাপারে এখনই পদক্ষেপ নেওয়া উচিত। এ বিষয়ে সভাপতি মহোদয় কিভাবে পদক্ষেপ নেওয়া যাই সিদ্ধান্ত জানতে চাইলে, ৭নং ওয়ার্ড সদস্য বাবু দিলীপ কুমার তঞ্চঙ্গ্যা বলেন যে, যেসকল লোকজন অস্থায়ীভাবে বসবাস করছে তাদেরকে অত্র ইউনিয়ন থেকে চলে যাওয়ার জন্য গণ বিজ্ঞপ্তি/নোটিশ জারী করা দরকার। তার সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে ৫নং ওয়ার্ড সদস্য বাবু সুব্রত তঞ্চঙ্গ্যা বলেন যে, নোটিশের পাশাপাশি প্রত্যেক গ্রামের গণ্যমান্য ব্যক্তিদেরকে এ ব্যাপারে ব্যবস্থা নেওয়ার জন্য চিঠি দেওয়া দরকার। অতঃ পর সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত নেওয়া হয় যে, অস্থায়ী বাসিন্দাদের আগামী ১৫/০৯/২০১৩ ইং তারিখের মধ্যে অত্র ইউনিয়ন থেকে চলে যাওয়ার জন্য গণ বিজ্ঞপ্তি/নোটিশ জারী করা এবং গণ্যমান্য ব্যক্তিদেরকে চিঠি দিয়ে জানানোর সিদ্ধান্ত নেওয়া হয়।

**০২ নং আলোচনা :** সভায় চোরা চালান নিয়ে আলোচনা করা হয়। আলোচনায় সভাপতি মহোদয়কে উপস্থিত সভা জানায় যে, ৩নং ফার্স্য়া ইউনিয়ন একটি দুর্গম ও প্রত্যন্ত অঞ্চল। এখানে দুর্গম পথে পায়ে হেটে চোরা চালান সম্ভব নয়। তাছাড়া বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) ও আইন-শৃঙ্খলা বাহিনী সতর্ক থাকায় অত্র ইউনিয়নে চোরা চালান নাই বলে চলে। সভাপতি মহোদয় চোরা

চালান রোধে সতর্ক থাকার জন্য আইন-শৃঙ্খলা বাহিনী সহ সবাইকে ধন্যবাদ জানান এবং ভবিষ্যতেও এ ধারা বজায় রাখার জন্য সবাইকে অনুরোধ জানান।

সভায় আর বিশেষ কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্মারক নং- ফাইউপি/বিলাই/রাঙ্গা/২০১৩-

( তেজেন্দ্র লাল তঞ্চঙ্গ্যা )  
চেয়ারম্যান  
৩নং ফার্স্টা ইউনিয়ন পরিষদ  
বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

সদয় অবগতির জন্য প্রেরণ করা হইল

০১. জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
০২. উপজেলা নির্বাহী অফিসার, বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
০৩. সংরক্ষণ নথি।

( তেজেন্দ্র লাল তঞ্চঙ্গ্যা )  
চেয়ারম্যান  
৩নং ফার্স্টা ইউনিয়ন পরিষদ  
বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।